আগুন থেকে বাঁচতে ১৯ তলা বেয়ে নামলেন ‘স্পাইডারম্যানে’র মতো!

বহুতল ভবনে আগুন লেগেছে। আগুনের শিখা থেকে বাঁচতে যে যেভাবে পারছেন চেষ্টা করছেন বাঁচতে। এর মধ্যে ভবনটির ১৯ তলায় আটকে থাকা একজন জীবন বাঁচাতে ভবন বেয়ে নামলেন সত্যিকারের স্পাইডারের মতো। কোনও রকম সুরক্ষা ব্যবস্থা ছাড়াই সবাইকে অবাক করে নামলেনও তিনি সেখান থেকে। স্পাইডারম্যানের ভঙ্গীতে তার সেই নীচে নামার দৃশ্য এরই মধ্যে সামাজিক মাধ্যমে ভাইরাল হয়ে ছড়িয়ে পড়েছে।

সম্প্রতি আগুন লাগার এ ঘটনাটি ঘটেছে আমেরিকার পশ্চিম ফিলাডেলফিয়াতে। ওই ব্যক্তির ভবন থেকে নামার দৃশ্য ক্যামেরাবন্দী করা হয়েছে স্থানীয় এক টিভি চ্যানেলের হেলিকপ্টার থেকে।

স্থানীয় সূত্রে জানা গেছে, বৃহস্পতিবার রাত সাড়ে ৯ টার দিকে বহুতল ভবনটিতে হঠাৎ করে আগুন লাগে। মুহূর্তে তা ছড়িয়ে ভবনের বিভিন্ন ফ্লোরে।এই সময় ভবনের বাসিন্দারা যে যেভাবে পারেন নিজেকে সুরক্ষা করতে ব্যস্ত ছিলেন। কেউ কেউ প্রতিবেশীর সাহায্যে নিরাপদ স্থানে যাওয়ার চেষ্টা করছিলেন। চলে এসেছিল ফায়ার সার্ভিসের কর্মীরাও। কিন্তু তারা আসার আগেই ১৯ তলা থেকে একজন বাসিন্দা ওপর থেকে নামতে শুরু করেন।

আগুন লাগার ঘটনায় কোনও হতাহতের ঘটনা ঘটেনি। তবে ভবনের ৪ জন বাসিন্দা ও ৩ জন পুলিশ আহত হয়েছেন। সূত্র: ইনডিপেনডেন্ট